এবার ডিজলাইকের কবলে নায়লা নাঈম! (ভিডিও)

নিউজবিডি৭১ডটকম
ঢাকা: শোবিজ জগতে চলমান ইস্যু ‘ডিজলাইক’। ইউটিউবের ভিডিওর মধ্যে লাইক অপশনের পাশাপাশি এই অপশনটি রয়েছে। যদিও এতো দিন কোনো ভিডিওর ক্ষেত্রে এই ‘ডিজলাইক’ ব্যাপারটি আলোচনায় আসেনি। তবে সম্প্রতি চিত্রনায়িকা নুসরাত ফারিয়ার ‘পটাকা’ ও পড়শীর ‘রাস্তা’ গানের সুবাদে এই ‘ডিজলাইক’ শব্দটি আলোচনার তুঙ্গে চলে এসেছে। ‘পটাকা’ ও ‘রাস্তা’ গানে যথাক্রমে ১ লাখ ৮১ হাজার ও ২৫ হাজারের বেশি ডিজলাইক পড়েছে। যা কিনা বাংলা গানের ক্ষেত্রে বিরল।

এদিকে নতুনভাবে ডিজলাইকের কবলে পড়তে যাচ্ছে বিতর্কিত মডেল নায়লা নাঈমের একটি গান। ‘বেবি ডল’ শিরোনামের গানটি প্রকাশ হয়েছে গত ২ মে। এটি গেয়েছেন নাভিলা রহমান। আহমেদ খসরুর কথায় গানের সুর করেছেন এফ এ প্রীতম ও সংগীতায়োজন করেছেন সজীব চৌধুরী।

প্রকাশের পর তিন পেরিয়ে গেলেও গানটি জনপ্রিয়তার দেখা পাচ্ছে না। নায়লা নাঈমের অফিশিয়াল পেজ থেকেও গানটি বারবার শেয়ার দেয়া হচ্ছে। কিন্তু মিলছে না দর্শক। অন্তর্জালে এই কয়েক দিনে মাত্র ১২ হাজার মানুষ ‘বেবি ডল’ উপভোগ করেছেন। এর মধ্যে প্রায় সাড়ে ৫’শ ডিজলাইক জমা পড়েছে গানের ভিডিওতে।

শুধু ডিজলাইক নয়, ‘বেবি ডল’ গানের মন্তব্যের ঘরেও একের পর এক আপত্তিকর মন্তব্য পড়ছে। মানহীন গান আর অশ্লীল উপস্থাপনার কারণেই এমনটা হচ্ছে বলে মনে করছেন সবাই। অধিকাংশ শ্রোতাই বলছেন, এই গানের কথা, সুর কিংবা গায়কীতে নেই শৈল্পিকতা, আছে কেবল সুড়সুড়ি দেয়ার বৃথা প্রচেষ্টা। এছাড়া গানের নামটাও পর্যন্ত বলিউডের আলোচিত আইটেম গান ‘বেবি ডল’ থেকে নেয়া। অন্যদিকে ভিডিওতেও নায়লা নাঈমের শরীরী আবেদনকে প্রাধান্য দেয়া হয়েছে বলে মন্তব্য দর্শকদের।

নায়লা নাঈম অভিনীত ‘বেবি ডল’ গানের লিংক:

নিউজবিডি৭১/আর/ ১২ মে , ২০১৮